লেন্স এশিয়া
১২ ফেব্রুয়ারি, ২০২৬

# এ্যানির গাড়ি থেকে ১৫ লাখ টাকা উদ্ধার, কাগজপত্র যাচাই শেষে বৈধ ঘোষণা: পুলিশ




ছবি: সংগৃহীত

লক্ষ্মীপুরের ঝুমুর এলাকায় চেকপোস্টে কৃষকদল নেতা বদরুল আলম শ্যামলের ব্যবহৃত একটি গাড়ি তল্লাশি করে ১৫ লাখ টাকা উদ্ধার করে আইনশৃঙ্খলা বাহিনী। পরে যাচাই শেষে টাকাসহ তাকে ছেড়ে দেওয়া হয়।

সহকারী পুলিশ সুপার (সদর সার্কেল) রেজাউল হক জানান, উদ্ধার হওয়া অর্থের বিষয়ে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অবহিত করা হয়। আদালতে প্রয়োজনীয় কাগজপত্র দেখালে এটি নির্বাচনি ব্যয়ের তহবিল হিসেবে নিশ্চিত হয়। এরপর কোনো শর্ত ছাড়াই তাকে মুক্তি দেওয়া হয়।

বিএনপি প্রার্থী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, বিভিন্ন কেন্দ্রে ব্যয় নির্বাহের জন্য অর্থ বহন করা হচ্ছিল। হিসাব ও নথি যাচাইয়ের পর তার প্রতিনিধিকেও ছেড়ে দেওয়া হয়েছে।

পুলিশ জানায়, আদালতের তত্ত্বাবধানে যাচাই-বাছাই শেষে অর্থ বৈধ প্রমাণিত হওয়ায় টাকাসহ তাকে ছেড়ে দেওয়া হয়।

LENS ASIA